কানাইঘাটে আল্লামা আব্দুল মালিক চৌধুরী ট্রাস্টের উদ্যোগে খাদ্য বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

কানাইঘাট প্রতিনিধি :

কানাইঘাটে আল্লামা আব্দুল মালিক চৌধুরী (র.) শিক্ষা ও জনকল্যাণ ট্রাস্টের উদ্যোগে গরীব অসহায় মানুষের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ ও এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (১২ জানুয়ারি) সকালে উপজেলার বীরদল অগ্রগামী উচ্চ বিদ্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

বিশিষ্ট শিক্ষানুরাগী মাস্টার মকবুল হুসেইন চৌধুরীর সভাপতিত্বে ও ট্রাস্টের সেক্রেটারি বাহার চৌধুরীর পরিচালনায় অনুষ্টানে প্রধান অতিথির বক্তব্য রাখেন

গাছবাড়ী জামিউল উলুম কামিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা তাহির উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন সিলেট জালালাবাদ টিচার্স ট্রেনিং কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. হাসমত উল্লাহ, বিশিষ্ট সমাজসেবী ও শিক্ষানুরাগী

অধ্যাপক আব্দুর রহিম, ৯ নং রাজাগঞ্জ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ফখরুল ইসলাম।

সভায় বক্তারা বলেন, মরহুম আল্লামা আব্দুল মালিক চৌধুরী (র.) ছিলেন একজন ইসলামী পন্ডিত ব্যক্তিত।তিনি ছিলেন সিলেট সরকারী আলিয়া মাদরাসার মুহাদ্দিস। একজন ইসলামী চিন্তাবিদ ও আলোকিত মানুষ হিসেবে তিনি ছিলেন সর্বমহলে সমাদৃত।

বক্তারা আরও বলেন, তাঁর স্মরণে আল্লামা আব্দুল মালিক চৌধুরী শিক্ষা ও জনকল্যাণ ট্রাস্ট গঠন করা হয়েছে। এ ট্রাস্টের মাধ্যমে গরীব অসহায় মানুষের পাশে দাঁড়ানোসহ শিক্ষা বিস্তারে অসামান্য অবদান রাখবে এ ট্রাস্ট। সভায় বক্তারা মরহুম আল্লামা আব্দুল মালিক চৌধুরীসহ সকল মুসলমানের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করেন।